



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

০৮ মে ২০২৪

তারিখ: -----

২৫ বৈশাখ ১৪৩১

বিআরপিডি সার্কুলার নং-১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ঝণ/বিনিয়োগের সুদ/মুনাফা হার প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে ১৯ জুন ২০২৩ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৯ এর মাধ্যমে ব্যাংক খণ্ডের বাজারভিত্তিক সুদহার ব্যবস্থা প্রবর্তনের অন্তর্ভুক্তিকালীন পদক্ষেপ হিসেবে SMART (Six-Months Moving Average Rate of Treasury Bill) এর সাথে নির্ধারিত মার্জিন যোগ করে খণ্ডের সর্বোচ্চ সুদহার নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

- ২। এক্ষণে, আন্তর্জাতিক উত্তম চর্চা অনুসরণের মাধ্যমে ব্যাংক খণ্ডের সুদহার সম্পূর্ণরূপে বাজারভিত্তিক করার লক্ষ্যে খণ্ডের সুদহার নির্ধারণের ক্ষেত্রে SMART ভিত্তিক সুদহার ব্যবস্থা প্রত্যাহার করা হলো। অংশের ব্যাংকখাতে খণ্ডের চাহিদা ও ঝণযোগ্য তহবিলের যোগান সাপেক্ষে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে খণ্ডের সুদহার নির্ধারিত হবে।
- ৩। খণ্ডের বাজারভিত্তিক সুদহার নির্ধারণের ক্ষেত্রে নিম্নরূপ নির্দেশনা পরিপালনায় হবে:

(ক) **ব্যাংকসমূহ** খণ্ডের খাতভিত্তিক সুদের হার ঘোষণা করবে এবং তুলনামূলক ঝুঁকি বিবেচনায় গ্রাহকভোদ্দে ঘোষিত হার অপেক্ষা ১% কম বা বেশী হারে ঝণ প্রদান করতে পারবে;

(খ) খণ্ডের মঞ্জুরীপত্রে উক্ত খণ্ডের সুদহার অপরিবর্তনশীল (Fixed rate) বা পরিবর্তনশীল (Variable rate) তা উল্লেখ থাকতে হবে। কোনো খণ্ডের সুদহার পরিবর্তনশীল হলে তা বছরে সর্বোচ্চ কত বার বৃদ্ধি করা হবে এবং উক্ত বৃদ্ধি কত শতাংশের মধ্যে সীমাবদ্ধ থাকবে তা আবশ্যিকভাবে মঞ্জুরীপত্রে উল্লেখ থাকতে হবে;

(গ) কোনো ঝণ অথবা খণ্ডের কিন্তি সম্পূর্ণ বা আংশিক মেয়াদোত্তীর্ণ (Overdue) হিসেবে চিহ্নিত হলে যে সময়ের জন্য মেয়াদোত্তীর্ণ হবে, উক্ত সময়ে চলমান ঝণ/তলবী খণ্ডের ক্ষেত্রে সম্পূর্ণ ঝণস্থিতির উপর এবং মেয়াদি খণ্ডের ক্ষেত্রে মেয়াদোত্তীর্ণ কিন্তির উপর সর্বোচ্চ ১.৫% দড় সুদ আরোপ করা যাবে;

(ঘ) **ব্যাংক** কর্তৃক ঘোষিত সুদহারের অতিরিক্ত কোনো সার্টিস চার্জ আরোপ/আদায় করা যাবে না; এবং

(ঙ) বাংলাদেশ ব্যাংক বা সরকার কর্তৃক গঠিত প্রশাসন প্যাকেজ/বিশেষ তহবিল/পুনঃঅর্থায়ন/প্রাক-অর্থায়ন তহবিলের আওতায় প্রদত্ত খণ্ডের সুদহার নির্ধারণে সংশ্লিষ্ট তহবিলের জন্য প্রণীত নীতিমালা প্রযোজ্য হবে।

- ৪। ২৫ জানুয়ারি ২০১২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-০৪ এর নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট মাসের ৭ তারিখের মধ্যে উক্ত মাসের ঘোষিত সুদহার বিবরণী Web Portal এর মাধ্যমে Enterprise Data Warehouse (EDW)-এ আপলোড চলমান থাকবে।
- ৫। ইসলামী শরীয়াহ ভিত্তিক ব্যাংকসমূহ তাদের প্রদত্ত বিনিয়োগের ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনা অনুসরণকরত মুনাফার হার নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৬। এ নির্দেশনা জারির প্রেক্ষিতে ১৯ জুন ২০২৩ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৯ ও তৎসংশ্লিষ্ট ২৭ জুনাই ২০২৩ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-২৭, ১৮ মার্চ ২০২৪ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১৪ এবং ৩১ মার্চ ২০২৪ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬ এর নির্দেশনা রহিত করা হলো।
- ৭। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।
- ৮। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ২৯(২)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বত,

(মোঃ নুরুল-আল-রশিদ)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ৯৫৩০২৫২